

সত্য ভাসে লাশ হয়ে

(সং ও সাহসী সাংবাদিক আনিস আলমগীর সুপ্রিয়জনেষু)

দেওয়ান আবদুল বাসেত

উড়ে এলেন বাগদাদে
ঠিক বলা যায় নিজ সাধে।
মস্ত ঝুঁকি, ছুটছে আনিস
ক্যামেরাটি বাম -কাঁধে।

যুদ্ধ খেলায় কোন খেলোয়াড়
রাখছে গরম মরুর মাঠ,
দুই ঠাকুরে যুক্তি করে
দেশটা বানায় গরুর হাট!?

হায়রে! ফোরাত তোর কিনারায়
সত্য ভাসে লাশ হয়ে,
হাসছে দেখো লুটেরা সব
মিথ্যে ছলায় পাশ হয়ে!

কারবালা আর হাসান, হোসেন
বড় পীরের মাঝার হায়!
পবিত্রতা হারিয়ে ফেলে
বিধর্মীদের বুটের পায়।

তুলতে ছবি, লিখতে রিপোর্ট
ছুটতে থাকেন আলমগীর,
হায়রে লুটায়, মরুর ধুলায়
ইতিহাসের আরব বীর!

পত্রিকাতে লিখছে আনিস
জাতি সংঘ বধির - চূপ!
তেলের খনির দেশটা হলো
রক্ত নেশার মৃত্যু-কূপ!?

সত্যে সদাই উঁচু শির
মগজটা তাঁর মাখন-ক্ষীর,
দেশ জনতার মান পেলো তাই
আনিস আলমগীর।

৩০ জুলাই ২০০৩ ইং/ শ্রাবণ ১৪১০ বাঙলা
রিওয়াদ, সউদী আরব।

E-mail: marupalash@yahoo.com
website: www.marupalash.com

